

# পাথওমে হোম প্রোগ্রাম (PATHWAY HOME PROGRAM) গ্রাহকদের জন্য তথ্য পত্রক (Bengali)

#### পাথওয়ে হোম প্রোগ্রাম কি?

পাখওয়ে হোম প্রোগ্রাম হল একটি কর্মসূচি যা বন্ধু বা পরিবারের সদস্যদের ("আশ্রয়দাতা পরিবার") সঙ্গে বসবাস করার জন্য পরিবার বা ব্যক্তিবর্গকে সক্ষম করে তোলে। পাখওয়ে হোম আশ্রয় থেকে কমিউনিটিতে ফিরে যেতে, বা সংশোধন বিভাগ (Department of Correction, DOC) থেকে মুক্তি দেওয়া হলে এবং যোগ্যতার আবশ্যিকতাগুলি পূরণ করলে, যত শীঘ্র সম্ভব আপনার আশ্রয়দাতা পরিবারকে 12 মাস পর্যন্ত মাসিক পেমেন্ট প্রদান করে আশ্রয় এড়াতে আপনাকে সহায়তা করতে পারে। প্রোগ্রামটি অন্তত 90 দিন আশ্রয়ে থাকা বা DOC কর্মসূচির জন্য মানদণ্ডগুলি পূরণ করার সমস্ত যোগ্য পরিবার বা ব্যক্তিবর্গের জন্য খোলা।

প্রোগ্রামটি আশ্রম্দাতা পরিবারবর্গকে, আপনার পরিবারের আকারের ওপর নির্ভর করে মাসে \$1200,
 \$1500 বা \$1800 পর্যন্ত দেয়।

## আমি কীভাবে আবেদন করব?

আপনাকে যোগ্যতামান সম্পন্ন আবাসস্থল এবং প্রোগ্রামে অংশ নেবে এমন আশ্রমদাতা পরিবারকে চিহ্নিত করে একটি আবেদন পূরণ করতে হবে। আপনি যে আশ্রমদাতা পরিবারটিকে চিহ্নিত করবেন তাকেও আপনার আবেদনের সাথে দেওয়ার জন্য কাগজপত্র তৈরি করতে হবে। আপনার কেস পরিচালক, আবাসন বিশেষজ্ঞ অথবা সমাজ কর্মী আপনাকে একটি আবেদন পূরণ আবেদন করতে এবং প্রয়োজনীয় নখিপত্র একত্রিত করতে সাহায্য করবেন। আপনি আপনার আবেদন জমা করার পরে, কোনো অতিরিক্ত তথ্যের প্রয়োজন হলে, মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA), গৃহহীন পরিষেবার বিভাগ (Department of Homeless Services, DHS) বা আপনার কমিউনিটি হোমবেস প্রদানকারী আপনাকে তা জানাবে।

HRA এবং DHS নিম্নলিখিত বিষ্যের নিরিখে যোগ্যতামান নির্ধারণ করবে:

- আপনি বর্তমানে কোনো DHS আশ্রয়ে 90 দিন বা তার চেয়ে বেশি সময় বসবাস করছেন কিনা অথবা
  CITYFHEPS এর রেফারেল রয়েছে কিনা।
- আপনি বিশেষ DOC প্রোগ্রামের জন্য যোগ্য কিনা।
- আপনার মোট পারিবারিক উপার্জন ফেডেরাল দারিদ্র্য সীমার চেয়ে 200% বেশি নয়।
- আপলার কাছে একটি সক্রিয় অথবা একক ইস্যু লগদ সহায়তার (Single Issue Cash Assistance)
   কেস রয়েছে।
- আপনি একটি যোগ্যতামান অর্জনকারী বসবাসের কেন্দ্র এবং আশ্রয়দাতা পরিবার চিহ্নিত করেছেন (বসবাসের জন্য প্রয়োজনীয়তাগুলি নীচে দেখুন)।

#### আমি কীভাবে আবেদন কবৰ *চলছে 🎗*

যদি আপনি আশ্রম শিবিরে 90 বা তার বেশি দিন থাকার পর 10 দিনের মধ্যে আবার আশ্রম শিবিরের জন্য আবেদন করেন, তাহলে HRA এবং DHS আপনার বর্তমানে আশ্রম শিবিরে থাকার প্রয়োজনীয়তাটি মকুব করতে পারে।

আপনি বর্তমানে CITYFHEPS এর জন্য যোগ্য থাকলেও আপনি আপনার নিজের অ্যাপার্টমেন্টে যাওয়ার জন্য একটি সিটি রেন্টাল সহায়তা কর্মসূচি ব্যবহার করতে পারবেন এমনকি আপনি যোগ্যতার মানদণ্ড পূরণ করা অবিরত রাখতে পরিবার ও বন্ধুদের সঙ্গে যোগদান করার জন্য এখন পাথওয়ে হোম প্রোগ্রামে অংশগ্রহণ করলেও।

### আমি যে বাসায় যেতে চাই তার জন্য প্রয়োজনীয়তাগুলি কি কি?

কর্মসূচিটি শুধুমাত্র একটি আশ্রমদাতা পরিবারের সাথে থাকতে যাওয়া যোগ্য পরিবারগুলির জন্য উপলব্ধ। আপনি যে বাসায় যাচ্ছেন এবং আশ্রমদাতা পরিবারটিকে অবশ্যই নিম্নলিখিত সহ নির্দিষ্ট প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে হবে:

- আশ্রম্দাতা পরিবারকে অবশ্যই প্রাথমিক ভাড়াটে বা বাসার মালিকের (আপনার বন্ধু বা পরিবারের সদস্য)
  নাম অন্তর্ভুক্ত করতে হবে।
- আপনি যে বাসায় থাকতে যাবেন তাতে কোনো স্বাস্থ্য বা নিরাপত্তা সম্পর্কিত সমস্যা নেই এবং আপনি সেই
  বাসাটিতে গেলে সেখানে বসবাসকারী লোকের সংখ্যা বেশি হয়ে যাবে না তা নিশ্চিত করতে DHS/HRA কর্মীকে
  অবশ্যই বাডিটি পরীক্ষা করতে হবে।

## আমার আশ্রমদাতা পরিবার এবং আমি কী পরিমাণ অর্থ পাব?

আপনি একটি ভাড়া সহায়তা সম্পূরক পেলে সিটি আপনার আশ্রয়দাতা পরিবারকে অথবা বাড়িওয়ালাকে সরাসরি পেমেন্ট করবে। পরিমাণটি নীচের তালিকায় প্রদর্শিত আপনার পরিবারের আকারের ভিত্তিতে নির্ধারিত হবে। তবে, যদি প্রাথমিক ভাড়াটে (আপনার বন্ধু বা পরিবারের সদস্য) নগদ সহায়তা পান তাহলে, সিটির দেয়া অর্থ প্রাথমিক ভাড়াটের বসবাসের জন্য মোট পেমেন্টের পরিমাণের থেকে প্রাথমিক ভাড়াটে বা মালিকের আশ্রয় শিবিরের নগদ সহায়তা বিয়োগ করার পরের পরিমাণের থেকে বেশি হতে পারবে না।

আপনি আপনার যাওয়ার 60 দিনের মধ্যে একটি Homebase কর্মসূচিতে চলে গেলে এবং বর্তমানে ফান্ডিং উপলব্ধ হলে, আপনি এবং আপনার আশ্রয়দাতা পরিবার একটি \$300 উপহারের কার্ডও পেতে পারেন।

পাথওয়ে হোম প্রোগ্রামের তালিকা			
নগদ সহায়তা পরিবারের আকার	1 বা 2	3 বা 4	5+
মাসিক পেমেন্ট আশ্রয়দাতাকে *	\$1200	\$1500	\$1800

<sup>\*</sup> উপরে যেমন উল্লেখ করা আছে সেই মতো প্রাথমিক ভাড়াটে বা মালিক নগদ সহায়তা পেলে বা যেখানে আশ্রয়দাতা পরিবারের আবাসন ভাড়া স্থিতিশীল বা ভাড়া নিয়ন্ত্রিত সেখানে সীমা সাপেক্ষে।

এই নখিতে থাকা তথ্য পাথওয়ে হোম প্রোগ্রামের একটি সাধারণ উপরিবীক্ষণ প্রদান করে। এটি প্রোগ্রামের সম্পূর্ণ বিশদ সরবরাহ করতে উদ্দীষ্ট ন্য।